

এক নজরে

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী দেশের সর্ববৃহৎ জনগোষ্ঠীর অংশগ্রহণ ভিত্তিক সুশৃঙ্খল বাহিনী। আনসার অ্যাক্ট ১৯৪৮ প্রনয়নের মাধ্যমে এ বাহিনীর যাত্রা শুরু এবং ১৯৭৬ সালে গ্রাম প্রতিরক্ষা দল ও ব্যাটালিয়ন আনসার নামে আরো দুটি ইউনিট গঠন করা হয়। বর্তমানে এ বাহিনীর সদস্য সংখ্যা প্রায় ৬১ লক্ষ এবং মূল তিনটি অংশের নামঃ

১. আনসার বাহিনী
২. ব্যাটালিয়ন আনসার
৩. গ্রাম প্রতিরক্ষা দল

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী বাংলাদেশ সংবিধানের ১৫২ নং অনুচ্ছেদ অনুযায়ী একটি ‘শৃঙ্খলা বাহিনী’ হিসাবে গঠিত ও পরিচালিত হয় এবং এ বাহিনীর স্লোগান হচ্ছে “শান্তি, শৃঙ্খলা, উন্নয়ন, নিরাপত্তায় সর্বত্র আমরা।”